

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, রোড # ১, ব্লক # এ, মিরপুর-১১, ঢাকা-১২১৬।

আদেশ

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা-এর অধিক্ষেত্রাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তর, জামালপুর-এ পদস্থ নিয়ে উল্লিখিত সহকারী রাজস্ব কর্মকর্তাকে (ছেকে বর্ণিত) আইন ও সমন্বয় সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকাতে প্রেষণে পদস্থ করা হ'ল। সংশ্লিষ্ট কর্মকর্তা নতুন কর্মস্থলে যোগদানের লক্ষ্যে ১৩.০৭.২০১৭ খ্রিস্টাব্দ তারিখ অপরাহ্নে বর্তমান কর্মস্থল হতে সাময়িকভাবে অবমুক্ত মর্মে গণ্য হবেন এবং ১৪.০৭.২০১৭ খ্রিস্টাব্দ তারিখ থেকে আইন ও সমন্বয় কর্মকর্তার দায়িত্ব গ্রহণ করবেন।

ক্র/নং	নাম ও পদবী	কর্মস্থল	মোবাইল নম্বর	মেয়াদ
০১	জনাব জাহাঙ্গীর আলম সহকারী রাজস্ব কর্মকর্তা	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট জামালপুর বিভাগীয় দপ্তর	০১৭১৪২০২০০৪	১৪.০৭.২০১৭ খ্রিস্টাব্দ তারিখ হতে ১৩.০৭.২০১৭ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত

০২। আইন ও সমন্বয় সেলে আইন ও সমন্বয় কর্মকর্তা হিসেবে তাঁকে নিম্ন বর্ণিত দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

(ক) মাননীয় সুপ্রীম কোর্ট ও আপীলাত ট্রাইবুন্যালে বিচারাধীন এ দপ্তরের মামলাসমূহের হালনাগাদ তালিকা প্রণয়ন ;

(খ) মাননীয় সুপ্রীম কোর্টে বিচারাধীন মামলার বিষয়ে বিজ্ঞ অ্যাটর্নি জেনারেলের দপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা ;

(গ) মাননীয় সুপ্রীম কোর্ট ও আপীলাত ট্রাইবুন্যাল-এ বিচারাধীন কোন মামলার রায় ঘোষিত হলে বা মামলার বিষয়ে আদালত হতে কোন নির্দেশনা পাওয়া গেলে, তাৎক্ষণিকভাবে তা এ দপ্তরকে অবহিত করা এবং অতি দ্রুত উক্ত রায়/নির্দেশনার সার্টিফাইড কপি সংগ্রহ করে সদর দপ্তরে প্রেরণ;

(ঘ) এ দপ্তর কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত অন্যান্য দায়িত্ব পরিপালন ;

(ঙ) মাসের প্রথম সপ্তাহে এ দপ্তরে উপস্থিত হয়ে বিগত মাসের কার্যক্রম সম্পর্কে যুগ্ম কমিশনার-কে অবহিত করণ ;

০৩। সংশ্লিষ্ট কর্মকর্তা তার পূর্বতন কর্মকর্তার নিকট হতে সংশ্লিষ্ট সকল মামলার তালিকা ও বিবরণ, প্রতিটি মামলার সর্বশেষ অবস্থা, শুনানীর তারিখ থাকলে তার তথ্য এবং কোনো মামলা সম্পর্কে সদর দপ্তরের নির্দেশনা থাকলে তার তথ্য গ্রহণ করে দায়িত্ব বুঝে নিবেন এবং তার একটি পূর্ণাঙ্গ বিবরণী দায়িত্ব গ্রহণের তৃতীয় দিবসে সদর দপ্তরে প্রেরণ করবেন। দায়িত্ব পালন শেষে জাতীয় রাজস্ব বোর্ডের (মুসকঃ আইন ও সমন্বয়) শাখা থেকে অব্যাহতিপত্র গ্রহণপূর্বক কর্মস্থলে যোগদান করবেন।

০৪। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল।

৫৭:

[ড. মোঃ সহিদুল ইসলাম]

কমিশনার

ফোনঃ ৯০২৫০৬০

ফ্যাক্স: ৯০৩০৩৩৩

email:dhakawestcomm@yahoo.com

নথি নং ০৮.০১.২৬৪৮.১০২.২৬.০২০.১৫ . ১৫ ৫৫৬ (১-১৬)

তারিখ: ১৫/০৭/১৭

অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো:

- ১। দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিচার নিষ্পত্তি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবগিচা, ঢাকা।
- ২। দ্বিতীয় সচিব (শুল্ক ও মুসক প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবগিচা, ঢাকা।
- ৩। ডেপুটি-কমিশনার, সদর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
- ৪-৫। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, মিরপুর/সাভার।
- ৬। জনাব জাহাঙ্গীর আলম, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট জামালপুর বিভাগীয় দপ্তর, জামালপুর, পূর্বতন আইন ও সমন্বয় সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হতে একটি হালনাগাদ প্রতিবেদন বুঝে নিবেন।
- ৭। জনাব আব্দুস ছাত্তার মিয়া, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট জামালপুর বিভাগীয় দপ্তর, জামালপুর, বর্তমান আইন ও সমন্বয় সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে একটি হালনাগাদ প্রতিবেদন বুঝিয়ে দিবেন এবং এ দপ্তরের আইন শাখায় হালনাগাদ সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবেন।
- ৮। সহকারী রাজস্ব কর্মকর্তা (সদর) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
- ৯। সহকারী রাজস্ব কর্মকর্তা (আইন ও বিচার শাখা), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
- ১০। শাখা সহকারী, (আইন ও বিচার শাখা), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
- ১১। শাখা সহকারী, মুসক শাখা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
- ১২। পি এ টু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
- ১৩। পি এ টু অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।

[শাকেরা খাতুন]

সহকারী কমিশনার

কমিশনারের পক্ষে।

১২/০৭/১৭